



স্মারক নম্বর-০৫.৪৪.৪৭১২.০০১.৩২.০০১.২১-২৫৫


তারিখ: ১৫ চৈত্র ১৪২৭  
২৯ মার্চ ২০২১

### গণবিজ্ঞপ্তি

মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা কর্তৃক অদ্য ২৯/৩/২০২১খ্রি.তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৫.২১.১২৪ নং প্রজ্ঞাপনমূলে করোনা ভাইরাস প্রতিরোধ ও সামাজিক দূরত্ব অধিকতর ফলপ্রসূভাবে নিশ্চিতকরণের লক্ষ্যে দোকান, হাট, বাজার ও ব্যবসা প্রতিষ্ঠান পরিচালনা ও জনসাধারণ এবং যানবাহন চলাচলের উপর আগামী ০২(দুই)সপ্তাহের জন্য নিম্নবর্ণিত শর্তাবলী আরোপ করা হয়।

- ক) সকল ধরনের জনসমাগম(সামাজিক/রাজনৈতিক/ধর্মীয়/অন্যান্য সীমিত করতে হবে। উচ্চ সংক্রমণযুক্ত এলাকায় সকল ধরনের জনসমাগম নিষিদ্ধ করা হলো। বিয়ে/ জন্মদিনসহ যে কোন সামাজিক অনুষ্ঠান উপলক্ষ্যে জনসমাগম নিরুৎসাহিত করতে হবে;
- খ) মসজিদসহ সকল ধর্মীয় উপাসনালয়ে যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;
- গ) পর্যটন/বিনোদন কেন্দ্র/ সিনেমা হল/ থিয়েটার হলে জনসমাগম সীমিত করতে হবে এবং সকল ধরনের মেলা আয়োজন নিরুৎসাহিত করতে হবে;
- ঘ) গণপরিবহনে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে এবং ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক যাত্রী পরিবহন করা যাবে না;
- ঙ) সংক্রমণের উচ্চ ঝুঁকিপূর্ণ এলাকাতে আন্তঃজেলা যান চলাচল সীমিত করতে হবে; প্রয়োজনে বন্ধ রাখতে হবে;
- চ) বিদেশ হতে আগত যাত্রীদের ১৪ দিন পর্যন্ত প্রাতিষ্ঠানিক (হোটেলে নিজ খরচে) কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;
- ছ) নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী খোলা/ উন্মুক্ত স্থানে স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক ক্রয়-বিক্রয়ের ব্যবস্থা করতে হবে; ওষুধের দোকানে যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;
- জ) স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানসমূহে মাস্ক পরিধানসহ যথাযথ স্বাস্থ্যবিধি পরিপালনপূর্বক নিশ্চিত করতে হবে;
- ঝ) শপিং মলে ক্রেতা-বিক্রেতা উভয়েরই যথাযথ স্বাস্থ্যবিধি মেনে চলা নিশ্চিত করতে হবে;
- ঞ) সকল শিক্ষা প্রতিষ্ঠান (প্রাক-প্রাথমিক, প্রাথমিক, মাদ্রাসা, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয়) ও কোচিং সেন্টার বন্ধ থাকবে;
- ট) অপ্রয়োজনীয় ঘোরাফেরা/ আড্ডা বন্ধ করতে হবে। জরুরী প্রয়োজন ছাড়া রাত ১০ টার পর বাইরে বের হওয়া নিয়ন্ত্রণ করতে হবে;
- ঠ) প্রয়োজনে বাইরে গেলে মাস্ক পরিধানসহ সকল ধরনের স্বাস্থ্যবিধি পরিপালন করতে হবে; মাস্ক পরিধান না করলে কিংবা স্বাস্থ্যবিধি লঙ্ঘিত হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ড) করোনায় আক্রান্ত/ করোনার লক্ষণযুক্ত ব্যক্তির আইসোলেশন নিশ্চিত করতে হবে। করোনায় আক্রান্ত ব্যক্তির ঘনিষ্ঠ সংস্পর্শে আসা অন্যান্যদেরও কোয়ারেন্টিন নিশ্চিত করতে হবে;
- ঢ) জরুরী সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান ছাড়া সকল সরকারি-বেসরকারি অফিস/ প্রতিষ্ঠান/ শিল্প কারখানাসমূহ ৫০ ভাগ জনবল দ্বারা পরিচালনা করতে হবে। গর্ভবতী/ অসুস্থ/ বয়স ৫৫ উদ্ধ কর্মকর্তা/ কর্মচারীর বাড়িতে অবস্থান কবে কর্মসম্পাদনের ব্যবস্থা করতে হবে;
- ণ) সভা, সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা যথাসম্ভব অনলাইনে আয়োজনের ব্যবস্থা করতে হবে;
- ত) শরীরে উপস্থিত হতে হয় এমন যে কোন ধরনের গণপরিষ্কার ক্ষেত্রে যথাসম্ভব স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;
- থ) হোটেল-রেষ্টুরাসমূহে ধারণ ক্ষমতার ৫০ ভাগের অধিক মানুষের প্রবেশ বারিত করতে হবে;
- দ) কর্মক্ষেত্রে প্রবেশ এবং অবস্থানকালীন সর্বদা বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধানসহ অন্যান্য স্বাস্থ্যবিধি পরিপালন নিশ্চিত করতে হবে;

উক্ত শর্তাবলী বটিয়াঘাটা উপজেলার সকল সরকারি/সেসরকারি দপ্তরসমূহ ও উপজেলার সংশ্লিষ্ট সকলকে মেনে চলার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
মো: নজরুল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার, বটিয়াঘাটা, খুলনা  
ও  
সভাপতি  
উপজেলা পর্যায়ে করোনা ভাইরাসের সংক্রমণ ও  
প্রতিরোধসহ সার্বিক ব্যবস্থাপনা কমিটি